শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015 Certified

**ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১**

মুক্তাগাছা, ময়মনসিংহ।

Phone: 09028-75205, E-mail: gmmpbs1@gmail.com, Web: www. pbs1.mymensingh.gov.bd

স্মারক নং-২৭.১২.৬১৬৫.৫১৭.০১.০৩৮.২৩. ৮৫২

তারিখ: ০৯/০৮/২০২৩ খ্রিস্টাব্দ
২৫ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ

সিনিয়র সিস্টেম এনালিস্ট
আইসিটি পরিদপ্তর
বাপবিবো, ঢাকা।

**বিষয়ঃ- দরপত্র বিজ্ঞপ্তি ওয়েব সাইটে প্রকাশ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কাজের স্বার্থে অত্র সাথ সংযুক্ত দরপত্র বিজ্ঞপ্তি (OTM) ''দৈনিক সমকাল'' ও ''দি নিউ এইজ'' পত্রিকায় গত ০৯/০৮/২০২৩ খ্রি. তারিখে প্রকাশ করা হয়েছে (কপি সংযুক্ত)। বর্ণিত দরপত্র বিজ্ঞপ্তিটি (OTM) বাপবিবো-এর ওয়েবসাইটে প্রকাশ করা প্রয়োজন।

এমতাবস্থায়, দরপত্র বিজ্ঞপ্তিটি বাপবিবো-এর ওয়েবসাইটে প্রকাশের পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ-বর্ণনা মোতাবেক।

০৯/৮/২৩

(মোঃ আক্তার হোসেন)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ(বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য আপনার দপ্তরের নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (সদয় অবগতির জন্য)।
০২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ ।
০৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ জেলা।
০৪। পুলিশ সুপার, ময়মনসিংহ জেলা।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, ময়মনসিংহ।
০৬। মেয়র, মুক্তাগাছা পৌরসভা, মুক্তাগাছা, ময়মনসিংহ।
০৭। উপজেলা চেয়ারম্যান, মুক্তাগাছা, ময়মনসিংহ।
০৮। উপজেলা নির্বাহী কর্মকর্তা, মুক্তাগাছা, ময়মনসিংহ।
০৯। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, ময়মনসিংহ (দঃ)।
১০। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ----------------------------১/২/৩/৪
১১। ডিজিএম, সদর-কারিগরী/গোপালপুর/ঘাটাইল/মধুপুর/ফুলবাড়ীয়া/ধনবাড়ী জোনাল অফিস,মপবিস-১।
১২। এজিএম(ওএন্ডএম), আছিম, কালীবাড়ী ও ভুয়াপুর সাব-জোনাল অফিস,মপবিস-১।
১৩। এজিএম (ওএন্ডএম/ইএন্ডসি/অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/সদস্য সেবা/মানব সম্পদ),মপবিস-১ ।
১৪। এজিএম, আইটি, মপবিস-১ (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হলো)।
১৫। অফিস/ মাষ্টার কপি।

০৯/৮/২৩

(মোঃ আক্তার হোসেন)
জেনারেল ম্যানেজার

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015 Certified

# ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১

মুক্তাগাছা,ময়মনসিংহ।

MUJIB 100

## ওটিএম (OTM) ওনিলাম দরপত্র বিজ্ঞপ্তি

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কাজের স্বার্থে নিম্নোক্ত বিবরণ অনুযায়ী পবিস তহবিলের আওতায় গ্রুপ-ক এর আইটেমের মালামাল ক্রয়ের জন্য বাংলাদেশী প্রকৃত উৎপাদনকারী/অনুমোদিত ডিলার/সরবরাহকারীর নিকট হতে সীলমোহরকৃত দরপত্র (OTM) এবং গ্রুপ-খ আইটেমের অত্র পবিসের পরিচালন ও রক্ষণাবেক্ষণ স্টোরের নিম্নবর্ণিত লৌহ ও মিটার জাতীয় মালামালের (কনডেম ঘোষিত ও অনুমোদিত) (যেখানে যে অবস্থায় আছে এর ভিত্তিতে) নিলামে বিক্রয়ের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগনের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহব্বান করা যাচ্ছে।

| গ্রুপ নং | ক্রমিক নং | মালামালের বিবরণ | পরিমান (কেজি/টি) | নিলাম দরপত্র দলিলের মূল্য | দরপত্র জামানত | দরপত্র ক্রয়, দাখিল ও উন্মুক্ত করনের স্থান | দরপত্র দলিল বিক্রয়ের সময়সূচী | দরপত্র গ্রহণের সময়সূচী | দরপত্র খোলার সময়সূচী |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| গ্রুপ-ক (মালামাল ক্রয়ের দরপত্র) | ০১ | স্টেশনারী মালামাল | ৪৩ টি আইটেম | ১০০০/- | ২৫০০০/- | পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত,ঢাকা-১২২৯ এবং ময়মনসিংহ পবিস-১ এর সদর দপ্তর, মুক্তাগাছা, ময়মনসিংহ। | ০৯/০৮/২০২৩ হতে ২৩/০৮/২৩ পর্যন্ত | ২৪/০৮/২০২৩ খ্রি. সকাল ১১.০০ ঘটিকা | ২৪/০৮/২০২৩ খ্রি. সকাল ১১.০৫ ঘটিকা |
| | ০২ | কর্মচারীদের পোশাক | ৪৮০ সেট | ১০০০/- | ১৬০০০/- | | | | |
| | ০৩ | ট্রান্সফরমার মেরামতের হার্ডওয়্যার মালামাল | ৬০ টি আইটেম | ১০০০/- | ৫৪০০০/- | | | | |
| গ্রুপ-খ (নিলামে বিক্রয়ের দরপত্র) | ০১ | লৌহ জাতীয় হার্ডওয়্যার মালামাল | ১৬০৫১ কেজি | ১৫০০/- | দাখিলকৃত মূল্যের ২৫% | | | | |
| | ০২ | ১ ফেজ মিটার এনালগ (জে-১, জে-১৬) | ১২৯৬২ টি | | | | | | |
| | ০৩ | ১ ফেজ ডিজিটাল মিটার (জে-৩৯) | ২১০৮২ টি | | | | | | |
| | ০৪ | ৩ ফেজ ডিজিটাল মিটার (জে-২, জে-৩, জে-৪) | ৫৪৪ টি | | | | | | |
| | ০৫ | ৩ ফেজ মিটার এনালগ (জে-২, পিডিবি-জে-২) | ২৯৮ টি | | | | | | |
| | ০৬ | সিটি, পিটি, ক্যাপাসিটর | ৩২ টি | | | | | | |

**শর্তাবলীঃ-**

১। আগ্রহী দরদাতাগণ ছকে উল্লেখিত সময়সূচী অনুযায়ী ময়মনসিংহ পবিস-১ এর সদর দপ্তরের প্রশাসন বিভাগে রক্ষিত টেন্ডার বাক্সে অথবা পরিচালক, পবিস মনিটরিং ওব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, খিলক্ষেত,ঢাকা-১২২৯ এ রক্ষিত টেন্ডার বাক্সে দরপত্র দাখিল করতে পারবেন।

০২। খামের উপর গ্রুপ-ক আইটেমের ক্ষেত্রে নির্দিষ্ট আইটেমের মালামালের নাম ক্রয় এবং গ্রুপ-খ আইটেমের ক্ষেত্রে লৌহ ও মিটার জাতীয় মালামালের নিলাম দরপত্র কথাটি লিখতে হবে।

০৩। দরপত্র সমূহ ঐদিন অর্থাৎ ২৪/০৮/২০২৩ খ্রিঃ (উক্ত তারিখে সরকারী ছুটি হলে পরবর্তী তারিখে গ্রহন করা হবে) তারিখ বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত নিলাম দরদাতা/প্রতিনিধিদের সম্মূখে (যদি কেহ উপস্থিত থাকেন)দরপত্র দাখিলকৃত অফিসে খোলা হবে।

০৪। গ্রুপ-ক এর আইটেমসমূহের ক্ষেত্রে দরপত্রের সাথে ময়মনসিংহ পবিস-১ এর অনুকূলে যেকোন তফসিল ব্যাংক হতে ছকে উল্লিখিত টাকা পে-অর্ডার দরপত্র জামানত হিসেবে সংযুক্ত করতে হবে। গ্রুপ-খ এর ক্ষেত্রে দরদাতাকে মালামালের বিপরীতে উদ্ধৃত দরের ২৫% হারে নিরাপত্তা জামানত হিসেবে (যা কার্যাদেশ প্রাপ্ত না হলে ফেরতযোগ্য) ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে নিলাম দরপেত্রের সংগে জমা দিতে হবে। নিরাপত্তা জামানত ছাড়া কোন দরপত্র গ্রহনযোগ্য হবে না। গ্রুপ-খ এর ক্ষেত্রে সর্বোচ্চ দরদাতার দরই বিবেচিত হবে।

০৫। গ্রুপ-খ এর ক্ষেত্রে বাপবিবো কর্তৃক অনুমোদিত সর্বনিম্ন একক নিলাম দরের নীচে কোন দর গ্রহনযোগ্য হবে না।

০৬। গ্রুপ-ক এবং গ্রুপ-খ এর ক্ষেত্রে দরপত্র পৃথকভাবে দাখিল করতে হবে এবং গ্রুপ-ক এর আইটেমসমূহ ০১ হতে ০৩ এর দর আলাদা আলাদাভাবে দরপত্র সিডিউল ক্রয় পূর্বক দাখিল করতে হবে। তবে গ্রুপ-খ এর ক্ষেত্রে ক্রঃ নং-১ হতে ৬ পর্যন্ত আইটেমের মালামালের একক দর উল্লেখ পূর্বক সর্বমোট দরসহ একত্রে দাখিল করতে হবে। এক্ষেত্রে কোন স্পটায়ন প্রয়োজন হলে সমিতি কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করতে হবে।

০৭। কৃতকার্য নিলাম দরদাতাকে কার্যাদেশ সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে পরিশোধ করে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ হতে মালামাল সমূহ ডেলিভারী গ্রহন করতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিল সহ দরপত্রের সাথে দাখিলকৃত নিরাপত্তা জামানতের অর্থ সম্পূর্ণ বাজেয়াপ্ত করা হবে।

০৮। সকল দরপত্র দলিলের খামের উপরে প্রেরকের পূর্ণাঙ্গ ঠিকানা, দরপত্র নম্বর ও নাম স্পষ্ট করে লিখতে হবে। এছাড়াও দরপত্র দলিলের সাথে দরদাতা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, ভ্যাট, আয়কর, ব্যাংক সলভেন্সি ও অভিজ্ঞতা সনদপত্রের কপি (১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত) এবং দরপত্রে উল্লিখিত চাহিদা মোতাবেক অন্যান্য ডকুমেন্টস দাখিল করতে হবে।

০৯। কার্যাদেশ প্রাপ্তির পর নিলামে কৃতকার্য দরদাতাকে সর্বশেষ সরকারী বিধি মোতাবেক মোট উদ্ধৃত মূল্যের উপর আয়কর ও ভ্যাট পৃথকভাবে জমা প্রদান করতে হবে।

১০। বর্নিত মালামাল সমূহের নমুনা আগামী ২৩/০৮/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়ে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তরে পরিদর্শন করা যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।

১১। দরপত্রে কোন কাটা ছেঁড়া বা ঘষামাজা করা যাবে না। উদ্ধৃত দর সুস্পষ্টভাবে অংকে ও কথায় উল্লেখ করতে হবে।

১২। কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন অথবা সকল দরপত্র গ্রহন অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

১৩। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(জেনারেল ম্যানেজার)
ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১

G:\Monti\RFQ\কুড়েঘর. eru.docx